[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

সহকারী পরিচালক শাহিদুল আলমের পরিচালনায় আরও বক্তব্য রাখেন, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাবেক সভাপতি অ্যাড. রফিকুল ইসলাম, বেগমপুর ইউপি চেয়ারম্যান আলী হোসেন, শংকরচন্দ্র ইউপি সচিব মাসুদুর রহমান, বেগমপুর ইউপি সদস্য আহমেদ কায়েস, গ্রাম পুলিশের দফাদার বিপুল দাস। আলোচনা সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে পাঠ করেন কালেক্টরেট মসজিদের পেশ ইমাম ক্বারী কবির আহমেদ ও পবিত্র গীতা থেকে পাঠ করেন বাবু সুনিল মল্লিক

জীবননগরের দত্তনগরে এসএসসি ৯৩ ব্যাচের রি-ইউনিয়ন অনুষ্ঠিত

আজ শুক্রবার (৬ অক্টোবর) চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার দত্তনগর বিএডিসি ফার্মের হলরুমে জীবননগর উপজেলার এসএসসি ১৯৯৩ ব্যাচের আয়োজনে এসএসসি -৯৩ রি-ইউনিয়ন ২০২৩ নামে ব্যচটির মিলন মেলা অনুষ্ঠিত হয়।

রি-ইউনিয়ন অনুষ্ঠানে শুক্রবার এসএসসি ব্যাচ ১৯৯৩ জীবননগর এর আয়োজনে দত্তনগর বিএডিসি ফার্মে খুলনা বিভাগের ১০ জেলা থেকে ৯৩ ব্যাচের কয়েকশ বন্ধু উপস্থিত থেকে স্মৃতিচারণ, আড্ডা, শোক প্রকাশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে গান করেন ৯৩ এসএসসি ব্যাচের সদস্য শাহিন, শুমিত ও হাবিব। সবশেষে র্যাফেল ড্র এর মাধ্যমে দিনব্যাপী অনুষ্ঠিত মিলনমেলার সমাপ্তি ঘোষণা করা হয়।

উন্নয়ন অব্যাহত রাখতে শেখ

হাসিনাকে ক্ষমতায় আনতে হবে

– নঈম জোয়ার্দ্দার

আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন যুবলীগের আয়োজনে এক জনসভা অনুষ্ঠিত হয়েছে। আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডসহ নানা উদ্যোগ জনগণের সামনে তুলে ধরতে আজ শুক্রবার বিকেলে জেহালা ফুটবল মাঠে এ জনসভার আয়োজন করা হয়।

জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার। প্রধান অতিথির বক্তব্যে নঈম জোয়ার্দ্দার বলেন,বাংলাদেশ এখন বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল। বাংলাদেশ উন্নয়নের পথে এগিয়ে গিয়েছে। আজকে যদি আলমডাঙ্গার কথায় বলি,এই আলমডাঙ্গার রাস্তাঘাট কেমন ছিল? এখন প্রতিটি রাস্তার উন্নয়ন হয়েছে,ব্রীজ হয়েছে,আজকে পদ্মাসেতু দিয়ে যারা ঢাকায় যান,তারা দেখেছেন একটি নয়নাভিরাম সেতু, আল্প সময়েই ঢাকায় যাওয়া যায়। আজকে মেট্রো রেল,বঙ্গবন্ধু টানেল,সহ বড় প্রজেক্টের কাজ হচ্ছে,এ সব কে করেছে? তিনি আমাদের নেত্রী বাংলাদেশ সরকারের সফল রাস্ট্রনায়ক জননেত্রী শেখ হাসিনা। এজন্য বলতে হয়, উন্নয়নের সরকার,বারবার দরকার,জনগণের সরকার, বারবার দরকার।

দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে শেখ হাসিনার সরকার,বারবার দরকার। এজন্য শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় আনতে হবে।

তিনি বলেন,একটি দল প্রতিবারই সন্ত্রাস করে। যারা সামরিক শাসকের মাধ্যমে ক্ষমতায় এসেছিল। সেই দল অগ্নি সন্ত্রাস করে,মানুষ হত্যা করে মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করে ক্ষমতায় আসতে চাই। তারা জনগণের উপর আস্তা রাখেনা,আস্তা রাখে কার উপর, বিদেশী প্রভূদের উপর। বিদেশী প্রভূরা যখন বলে আন্দোলন যাও, তারা তখন আন্দোলনে যায়। আজকে যদি চুয়াডাঙ্গায় বিএনপি-জামায়াত অগ্নি সন্ত্রাস ও মানুষ হত্যার চেষ্টা করে তাহলে যুবলীগ তা প্রতিহত করবে।

জেহালা ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান মকলেছুর রহমান শিলনের সভাপতিত্বে জনসভায়
বিশেষ অতিথির বক্তব্য দেন জেলা যুবলীগের যুগ্নআহবায়ক সামসুজ্জোহা হাসু, জেলা যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম লাভলু, আজাদ আলী, হাফিজুর রহমান হাপু, আনোয়ার হোসেন, আলমডাঙ্গা উপজেলা

যুবলীগের আহবায়ক সোনাহার মন্ডল, যুগ্নআহবায়ক তাফসির আহম্মেদ মল্লিক লাল, পৌর যুবলীগের আহবায়ক আসাদুল হক ডিটু, জেলা সেচ্ছাসেবক লীগের জয়েন্ট সেক্রেটারি খালিদ হোসেন, জেহালা ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক আনারুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আল ইমরান শুভ, ছাত্রলীগ নেতা সৈকত, মুন্সিগঞ্জ নিগার সিদ্দিক কলেজ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম প্রমূখ।
জন-সভায় সঞ্চালনা করেন জেহালা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক বকুল হোসেন।

আলমডাঙ্গার গড়গড়িতে বঙ্গবন্ধু স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

আলমডাঙ্গার মুন্সীগঞ্জ গড়গড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বঙ্গবন্ধু স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

গড়গড়ী যুব সংঘের আয়োজনে বঙ্গবন্ধু স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় অঘোরনাথ একাদশ বনাম গোয়ালবাড়ী একাদশ অংশগ্রহণ করে। খেলায় নির্ধারিত সময়ে, কোন দল গোল না করতে পারায় টাইব্রেকারে গড়াই। টাইব্রেকারে ৫-৪গোলের ব্যবধানে গোয়ালবাড়ী একাদশ বিজয়ী হয়।

খেলায় জেহালা ইউনিয়ন আওয়ামী লীগেরর সভাপতি হাসানুজ্জামান হান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফাইনালের পুরস্কার বিতরণ করেন।

টুর্নামেন্টের জেহালা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আঃ: হান্নান মাষ্টারের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মঈন উদ্দিন, যুগ্ন সাধারণ সম্পাদক জাহান আলী, আবু তাহের, মোস্তফা, ইউনিয়ন মহিলা আওয়ামী লীগের সভানেত্রী সানজিদা মেম্বার ওযার্ড সেক্রেটারি হাসেম

মাহমুদ মেম্বার, সভাপতি ছিদ্দিক আলী, সেক্রেটারি মিঠুন আলী, লিপন মেম্বার, জসিম মেম্বার, পারভেজ রিপন ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি রতন উজ্জ জামান প্রমুখ।

কার্পাসডাঙ্গায় সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের অভিযানে বিশেষ ক্ষমতা আইনে (সাজাপ্রাপ্ত) আসামী গ্রেফতার।

জানা গেছে চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা আরামডাঙ্গা চুরি ও বিশেষ ক্ষমতা আইনে সাজাপ্রাপ্ত আসামি মিনারুল
(৩৮) পিতা আ: করিম’কে নিজ বাড়ি থেকে অভিযান চালিয়ে রাত ৩ টার সময় গ্রেফতার করেন পুলিশ।

এই অভিযানে অংশ নেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই ইমরান হোসেন ও এ এস আই মোসলেম উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে আসামিকে নিজ বাড়িতে থেকে গ্রেফতার করেন।

পুলিশ সূত্রে জানা গেছে ধৃত আসামিকে গতকাল দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করা হয়েছে বলে জানান। একের পর এক অভিযানে সফল হওয়ায় কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের সকল সদস্যদের’কে সাধুবাদ জানিয়েছে কার্পাসডাঙ্গা ইউনিয়নবাসী।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের

অভিযান গ্রেফতার ১

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের মাদক বিরোধী অভিযান পরিচালন করে বুপ্রেনরফেইন ইনজেকশনসহ এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে।

দামুড়হুদা মডেল থানা মোঃ আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, এএসআই (নি:) মোঃ মসলেম উদ্দিন, সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে।

গোপন সংবাদের ভিত্তিতে অদ্য (০৬ অক্টোবর) বেলা সাড়ে ১১ টার সময় দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা গ্রামস্থ জনৈক আব্দুল আলিম এর পরিত্যাক্ত মুদি দোকানের সামনে কার্পাসডাঙ্গা হইতে সুবলপুর গামী পাকা রাস্তার উপর হতে ধৃত আসামী মোঃ সাইফুল ইসলাম(৪২) পিতা- মৃত রমজান আলী, সাং- (ঝিনাইদহ বাসস্টান্ড পাড়া) থানা-সদর, বুপ্রেনরফেইন ইনজেকশন বহন করার সময় একটি FREEFOM মোটরসাইকেল এবং ৪০০(চারশত) পিচ বুপ্রেনরফেইন ইনজেকশন সহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

জীবননগরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালন

‘জন্ম ও মৃত্যু নিবন্ধন করি, নাগরিক অধিকার নিশ্চিত করি’ এ শ্লোগানকে সামনে রেখে জীবননগর জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকাল ১০টায় উপজেলা পরিষদের কার্যালয় থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ ঘুরে একই

স্থানে এসে শেষ হয়।

এরপর জীবননগর উপজেলা পরিষদের হলরুমে উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান।

সভায় উপজেলা চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান বলেন, জন্ম নিবন্ধন শিশুর অধিকার। জন্মের ৪৫ দিনের মধ্যে বিনামূল্যে জন্মনিবন্ধন বিতরণ করতে হবে । জন্ম নিবন্ধনে মানুষকে উদ্ধুদ্ধ করতে হবে। যারা নিবন্ধন করে তাদের সহায়তা করতে হবে। জন্মনিবন্ধন ব্যক্তি লাভের বিষয় নয়। দেশের বাজেট তৈরীতে পরিকল্পনা গ্রহনে বাধাগ্রস্থ হয়। মৃত্যু নিবন্ধন করাও জরুরি। মৃত্যু সনদ তৈরীতে সতর্ককতার সাথে দায়িত্ব পালন করতে হবে।`

দামুড়হুদায় জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালন

জন্ম ও মৃত্যু নিবন্ধন করি নাগরিক অধিকার নিশ্চিত করি এই প্রতিপাদ্য নিয়ে আজ শুক্রবার বেলা সাড়ে ১০টার দিকে দামুড়হুদায় জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়। র্যালিটি চৌরাস্তা মোড় প্রদক্ষিণ করে আবার উপজেলা পরিষদ প্রাঙ্গণে এসে শেষ হয়। র্যালী পরবর্তীতে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতার’ সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, দামুড়হুদা মডেল থানার পরিদর্শক অপারেশন মাহবুবুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন।

এসময় আরো উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসের সিএ ফয়জুল করিম, নাজির সাখাওয়াত হোসেন, সহ সংবাদকর্মী, বিভিন্ন ইউনিয়ন পরিষদের সচিববৃন্দ, উদ্যোক্তারা ও গ্রাম পুলিশের সদস্যবৃন্দসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

এসময় ইউএনও বলেন, জন্ম মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এর ৮ ধারা অনুযায়ী কোনো শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন এবং কোন ব্যক্তির মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধন করার কথা রয়েছে। তবে, বিষয়টিকে আরো কার্যকর করার জন্য এবং সাধারণের মধ্যে সচেতনতা আনয়নের জন্য এখন পৃথক দিবস হিসেবে পালনের উদ্যোগ নেয়া হচ্ছে।

চুয়াডাঙ্গায় আফরোজা পারভীন পথসভা ও গণসংযোগ

উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য আবারো নৌকা মার্কায় ভোট চাইলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশী আফরোজা পারভীন।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার মোমিনপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ঘুরে গণসংযোগ করে এই কথা বলেন তিনি।

এ সময় তিনি আরও বলেন শেখ হাসিনা সরকার উন্নয়নের সরকার। জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রেখে যাওয়া সোনার বাংলাদেশ বাস্তবায়নে কাজ করে যাচ্ছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের গ্রাম থেকে শহর সকল পর্যায়ে উন্নয়ন হচ্ছে। এই উন্নয়নের ধারা যদি অব্যাহত রাখতে হয় তাহলে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা ও নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার, যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন, সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন, শাওন, সিফাত, জিরান, সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গার নেহালপুরে চোরাই বাইসাইকেল সহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার নেহালপুরে চোরাই বাইসাইকেল সহ রাজিবুল ইসলাম নামের এক চোরকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে হিজলগাড়ী ক্যাম্প পুলিশের অভিযানে বাইসাইকেল উদ্ধার সহ চোর রাজিবুলকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত রজিবুল চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত নেহালপুর ইউনিয়নের বোয়ালিয়া গ্রামের বশিউর রহমানের ছেলে।

পুলিশ জানায়, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার

সাহার নেতৃত্বে হিজলগাড়ী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই শেখ রকিবুল ইসলাম সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে বিশেষ অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন নেহালপুর ইউনিয়নের বোয়ালিয়া গ্রামে।

সে সময় গোপন সংবাদের ভিত্তিতে বোয়ালিয়া গ্রামের বড় মসজিদের সামনে বাঁশ বাগানের ভিতর হতে একটি চোরাই বাইসাইকেল সহ রাজিবুল ইসলাম (১৯) নামের এক চোরকে গ্রেফতার করি। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।